



পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র

বাড়ী নং-৫৪৮, রোড নং-১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা-১২০৭।

ফোনঃ ৫৮১৫১১২৬, ৫৮১৫১১২৪, ০১৭৭৭৯১১২২, ই-মেইল : pmuk@padakhep.org, info@padakhep.org, web-site : www. padakhep.org

স্মারক-পদ/পক/এইচআরএ/ট্রেনিং/২০২১/৮৩৪

তারিখ : ১৬ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ

অফিস স্মারক

বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে সংস্থা কর্তৃক গৃহীত বিশেষ কর্মসূচী বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র: ১. MRA-এর স্মারক নং-৫৩.০৪.০০০০.০০১.০৬.০২১.২১-৮৫৩

তারিখঃ ১৪ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ

২. পিকেএসএফ-এর স্মারক নং-৫৩.২৩.০০০০.০০১.০৯.০০১.১৯.১২৬৮

তারিখঃ ১৪ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ

বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে সংস্থায় কর্মরত সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে সংস্থা কর্তৃক বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচী বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাদের নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য বলা হলো।

০১. প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ে কর্মরত সংশ্লিষ্ট সকল কর্মকর্তাদের সংযুক্তি-০১ এর আলোকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন বিষয়ক পরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা।
০২. সংস্থার সকল কার্যালয় ভবনে ১৭ ই মার্চ এবং ২৬ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ তারিখ জাতীয় পতাকা উত্তোলন করা।
০৩. উক্ত পরিকল্পনার অংশ হিসেবে সংযুক্তি-০২ এর প্রদত্ত নমুনা অনুসারে প্রস্তুতকৃত ব্যানার নিয়ে প্রধান কার্যালয়সহ সংস্থার সকল জোন, এরিয়া, ব্রাঞ্চ ও প্রকল্প অফিস সমূহে কর্মরত কর্মী/কর্মকর্তাদের ১৭ মার্চ, ২০২১ তারিখ স্থানীয় প্রশাসন কর্তৃক আয়োজিত আলোচনা সভা ও র্যালীতে অংশগ্রহণ করা।
০৪. বর্ণিত র্যালীতে অংশগ্রহণ শেষে ব্যানারটি অফিস ভবনের দেয়াল/অফিসের সামনে উন্মুক্ত স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা।
০৫. প্রধান কার্যালয়ের পাবলিকেশন ও ডকুমেন্টেশন ইউনিট থেকে সরবরাহকৃত বঙ্গবন্ধুর কর্ম, জীবন, বাণী সম্বলিত দুর্লভ স্থিরচিত্র (সংযুক্তি-০৩) দিয়ে ০১টি ডিসপ্লে বোর্ড তৈরী করে সকল অফিসের উন্মুক্ত স্থানে প্রদর্শন করা।
০৬. সংস্থা কর্তৃক প্রকাশিতব্য মার্চ ২০২১ এর ই-নিউজ সংখ্যাটি বঙ্গবন্ধুকে উৎসর্গ করে বিভিন্ন প্রকাশনা ছাপানোর লক্ষ্যে বঙ্গবন্ধুর আত্মজীবনী, রাজনৈতিক দর্শন ইত্যাদি বিষয়ের উপর সংস্থায় কর্মরত কর্মী/কর্মকর্তাদের রচিত ছোট গল্প, কবিতা, ছড়া, প্রবন্ধ আগামী ৩১ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ এর মধ্যে Email-zahid@padakhep.org এই ঠিকানায় প্রেরণের জন্য বলা হলো। এতদসংক্রান্ত বিষয়ে কিছু জানার থাকলে জনাব শেখ জাহিদ, সহকারী ব্যবস্থাপক, পাবলিকেশন এন্ড ডকুমেন্টেশন ইউনিট, মোবাইল: ০১৭১৩২৪৯৬৯৩-এর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো।

গৃহীত পরিকল্পনা (সংযুক্তি-০১) ও নির্দেশনা মোতাবেক অন্যান্য কর্মসূচী পালনসহ যথাযথ উৎসাহ উদ্দীপনার সাথে উল্লেখিত দিবস উদযাপন করার জন্য সকলকে বলা হলো। উল্লেখ্য, উপর্যুক্ত বিষয়ে কোন অস্পষ্টতা পরিলক্ষিত হলে জনাব মো: সাজেদুর রহমান, সহকারী ব্যবস্থাপক, এইচ আর এ, মোবাইল নং: ০১৭৭৭-৭৯১১৯০, ই-মেইল: shazedur@padakhep.org এর সাথে যোগাযোগ করতে বলা হলো।

অত্র অফিস আদেশ অনুযায়ী প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে নির্দেশ দেয়া যাচ্ছে।

Shum

(মো: সালেহ বিন সামস)

নির্বাহী পরিচালক

সংযুক্তি : পত্রের বর্ণনা মোতাবেক

অনুলিপিঃ (ই-মেইলের মাধ্যমে প্রেরিত)

১. পরিচালক, মাইক্রোফাইন্যান্স উইং এবং ভারপ্রাপ্ত পরিচালক, প্রোগ্রাম ও এন্টারপ্রাইজ উইং, প্রধান কার্যালয়।
২. সকল প্রোগ্রাম/বিভাগ/প্রকল্প/ইউনিট/সেল/ব্যবস্থাপনা ইউনিট প্রধান, প্রধান কার্যালয়।
৩. ব্যবস্থাপক, আইসিটি বিভাগ ও তত্ত্বাবধায়ক, এমআইএস ইউনিট, প্রধান কার্যালয় (অফিস আদেশটি সংস্থার ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
৪. সকল জোনাল ম্যানেজার/জোনাল কো-অর্ডিনেটর/এরিয়া ম্যানেজার/এরিয়া কো-অর্ডিনেটর/ব্রাঞ্চ ম্যানেজার ও অন্যান্য সকল অফিস প্রধান, পদক্ষেপ।
৫. সংস্থার সকল পর্যায়ে কর্মরত কর্মী/কর্মকর্তাবৃন্দ।
৬. অফিস কপি।